(একই স্মারকে স্থলাভিষিক্ত)

**শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়**

শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/১(১৬৮)/২০২১-১৫৭০ তারিখঃ ২৩/০১/২০২২

## বিজ্ঞপ্তি

গুচ্ছ পদ্ধতির আওতায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০২১ শিক্ষাবর্ষে বিভিন্ন অনুষদে স্নাতক (লেভেল-১ সেমিস্টার-১) শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে।

**নির্দেশাবলীঃ**

১। ভর্তির প্রাথমিক ধাপ সম্পন্ন করা সর্বশেষ অটোমাইগ্রেশনের পর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের জন্য নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ২৫-০১-২০২২, ২৬-০১-২০২২ ও ২৭-০১-২০২২ তারিখ সকাল ১০.০০ টা থেকে বিকাল ৫.০০টার মধ্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটরিয়ামে স্ব-শরীরে উপস্থিত হয়ে বিভিন্ন অনুষদ/প্রোগ্রামের জন্য নিম্নবর্নিত প্রযোজ্য ফি এর সাথে পূর্বে জমাকৃত ১০,০০০.০০ (দশ হাজার) টাকা বাদ দিয়ে অবশিষ্ট টাকা এবং মূল ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও কোটা ডকুমেন্টস(প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিয়ে ভর্তির কার্যক্রম চূড়ান্ত করতে হবে।

২। অনুষদ/প্রোগ্রাম ভিত্তিক ভর্তি ফি নিম্নরূপ:

| অনুষদের নাম | প্রোগ্রাম/ডিগ্রির নাম | ফি'র পরিমাণ |
|---|---|---|
| কৃষি | বিএসসি এজি (অনার্স) | ১৭৩৫০.০০ |
| এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট | বিবিএ (এগ্রিবিজনেস) | ১৯৫৫০.০০ |
| | বিএসসি এগ্রিকালচারাল ইকোনোমিক্স (অনার্স) | ১৭৫৫০.০০ |
| এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন | বিএসসি ভেট. সাইন্স এন্ড এএইচ | ২৩৮০০.০০ |
| ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স | বিএসসি ফিশারিজ (অনার্স) | ১৭০৫০.০০ |

উপরোক্ত ভর্তি ফি ছাড়াও আবাসিক হলে আবাসিক হিসেবে সংযুক্তির জন্য ২৭৫০/- টাকা এবং অনাবাসিক হিসেবে সংযুক্তির জন্য ১২৫০/- টাকা পরিশোধ করতে হবে।

৩। ভর্তির সময় প্রার্থীদেরকে-

ক) ভর্তি পরীক্ষার জন্য প্রদত্ত প্রবেশপত্র সংগে আনতে হবে এবং এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট, মূল প্রশংসাপত্র ও ০৪ কপি পাসপোর্ট সাইজের ফটো (ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে প্রদত্ত ছবির অনুরূপ) জমা দিতে হবে।

খ) গুচ্ছ পদ্ধতির কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অনলাইন থেকে ভর্তি ফরম, রেজিস্ট্রেশন ফরম, মেডিক্যাল ফরম পূরণপূর্বক প্রিন্ট করে সাথে নিয়ে আসতে হবে।

৪। সংরক্ষিত (কোটা) আসনের জন্য উপরোল্লিখিত কাগজপত্র ছাড়াও-

ক) মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদেরকে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানীর অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র ভর্তির সময় দেখাতে হবে এবং এর সত্যায়িত কপি জমা দিতে হবে।

খ) মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদেরকে মুক্তিযোদ্ধার সাথে পারিবারিক সম্পর্কের প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধার সনদপত্র প্রদত্ত ঠিকানা ও স্থায়ী ঠিকানার মধ্যে গড়মিল থাকলে তাদের ঠিকানা পরিবর্তন সংক্রান্ত প্রত্যয়নপত্রের মূল কপি জমা দিতে হবে। উভয় প্রত্যয়নপত্রই জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত হতে হবে।

গ) বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতি ও অ-উপজাতি এবং বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম ব্যতীত অন্যান্য জেলার উপজাতি প্রার্থীদের স্ব-স্ব জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দা সম্পর্কিত প্রত্যয়নপত্রের মূল কপি জমা দিতে হবে।

ঘ) অন্যান্য কোটার প্রার্থীদের জেলা প্রশাসক/ইউএনও/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূল কপি জমা দিতে হবে।

৫। সর্বশেষ অটোমাইগ্রেশনের পর এক বিশ্ববিদ্যালয় হতে অন্য বিশ্ববিদ্যালয়ে স্থানান্তরিত হওয়া ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের একাডেমিক ট্রান্সক্রিপ্ট,প্রশংসাপত্র ও অন্যান্য ডকুমেন্ট বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে আদান প্রদান করা হবে।

৬। ভর্তির দিন বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সার্টিফিকেট গ্রহণ করতে হবে এবং ভর্তি পরবর্তী ০১ মাসের মধ্যে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্রের তত্ত্বাবধানে ডোপ টেস্ট করতে হবে।

৭। ভর্তিকৃত কোন ছাত্র-ছাত্রী তার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং অন্যান্য ডকুমেন্ট ফেরৎ নিতে চাইলে যে বিশ্ববিদ্যালয়ে তার ডকুমেন্টস রয়েছে সে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর আবেদন করতে হবে এবং জামানত হিসেবে টাকা ১০,০০০/- (দশ হাজার) মাত্র জমা দিতে হবে। উল্লেখ্য যে ভর্তি বাতিল করার জন্য টাকা ১০,০০০/- (দশ হাজার) মাত্র ভর্তি বাতিল ফি জমা দিতে হবে।

৮। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন কর্মসূচি এবং ক্লাশ শুরুর তারিখ পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হবে।

চলমান পাতা-২

৯। আবাসিক হলে সীট বরাদ্দ না পাওয়া পর্যন্ত নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে। তবে ভর্তির সময় প্রত্যেক ছাত্র-ছাত্রীকে কোন না কোন হলে আবাসিক/অনাবাসিক হিসেবে সংযুক্ত থাকতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার

**বিতরণঃ**

..............................................................

আহবায়ক/সদস্য/সদস্য-সচিব, ভর্তি কমিটি ২০২১/ নিরীক্ষা উপ-কমিটি ২০২১/টেকনিক্যাল উপ-কমিটি ২০২১, শেকৃবি।

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)ঃ**

১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ,একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি
২। পরিচালক, ইনস্টিটিউট অব সীড টেকনোলজি, শেকৃবি
৩। বিভাগীয় চেয়ারম্যান (সকল).................................................................................বিভাগ, শেকৃবি
৪। লাইব্রেরিয়ান, শেকৃবি
৫। প্রভোস্ট (সকল)..............................................................................................................শেকৃবি
৬। প্রক্টর, শেকৃবি।
৭। পরিচালক (সংশ্লিষ্ট).......................................................................................................... শেকৃবি
৮। পরিচালক, আইসিসি, শেকৃবি (বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
৯। পরীক্ষা নিয়ন্ত্রক, শেকৃবি
১০। চীফ মেডিকেল অফিসার, শেকৃবি
১১। প্রধান প্রকৌশলী, শেকৃবি
১২। এডিশনাল রেজিস্ট্রার/অতিরিক্ত পরিচালক (সংশ্লিষ্ট)............................................................ ......শেকৃবি
১৩। ভিসি মহোদয়ের একান্ত সচিব, শেকৃবি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি
১৪। জনসংযোগ কর্মকর্তা, শেকৃবি
১৫। পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি
১৬। পিএ টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি
১৭। অফিস নথি/মহানথি